# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের
২০১৮-২০১৯ অর্থবছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ৬৭ /২০২১

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের
২০১৮-২০১৯ অর্থবছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ৬৭ /২০২১

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | প্রথম অংশ | |
| ১. | মুখবন্ধ | vii |
| | অধ্যায়-১ | |
| ২. | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী | ৩-৬ |
| ৩. | নির্বাহী সারসংক্ষেপ | ৭ |
| ৪. | শব্দ সংক্ষেপ | ৯ |
| | অধ্যায়-২ | |
| ৫. | অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ | ১৩ |
| ৬. | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | ১৫-২১ |
| | দ্বিতীয় অংশ | |
| ৭. | পরিশিষ্টসমূহ | ২৫-৪৪ |

# প্রথম অংশ

# মুখবন্ধ

১। দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (অ্যাডিশনাল ফাংশন্স) অ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী সকল Statutory Public Authority এর হিসাব অডিট করার জন্য বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল ক্ষমতাপ্রাপ্ত।

২। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কার্যালয়সমূহের ২০১৮-২০১৯ অর্থবছরের আর্থিক কার্যক্রমের উপর ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করাই এই রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ০৩টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত সংস্থা প্রধান বরাবর ইস্যু করা হয়েছে। একই সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবকে অবহিত করা হয়েছে এবং তাঁদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারীকৃত Government Auditing Standards of Bangladesh অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (অ্যাডিশনাল ফাংশন্স) অ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ : ১৪/০১/১৪২৯ বঙ্গাব্দ
২৭/৪/২০২২ খ্রিষ্টাব্দ।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল।

# অধ্যায়-১

# অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

**রিপোর্ট সম্পর্কিত তথ্যঃ**

এই রিপোর্ট বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কার্যালয়সমূহের ২০১৮-২০১৯ অর্থবছরের আর্থিক কার্যাবলীর উপর কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI) ইত্যাদি অডিট Criteria হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকি চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:**

- **প্রতিষ্ঠান পরিচিতি**

(ক) বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) তদানীন্তন পিসিএসআইআর-এর অঙ্গ প্রতিষ্ঠান পূর্বাঞ্চলীয় গবেষণাগার নামে ১৯৫৫ সালে কার্যক্রম শুরু করে। বাংলাদেশের স্বাধীনতার পর এদেশে বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রযাত্রাকে ত্বরান্বিত করতে ১৯৭৩ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক অধ্যাদেশ জারীর মাধ্যমে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) প্রতিষ্ঠা করেন। বর্তমানে প্রতিষ্ঠানটি বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ আইন, ২০১৩ (২০১৩ সালের ৪৫ নং আইন) দ্বারা পরিচালিত হচ্ছে। এটি একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং বোর্ড কর্তৃক পরিচালিত। প্রতিষ্ঠানটির নিজস্ব একটি তহবিল রয়েছে। উক্ত তহবিলের উৎস হল সরকারের নিকট হতে প্রাপ্ত অনুদান ও ঋণ, সরকারের পূর্বানুমোদনক্রমে কোন বিদেশী সরকার/সংস্থার নিকট হতে প্রাপ্ত অনুদান, নিজস্ব সম্পত্তি হতে বিনিয়োগকৃত আয়, বিভিন্ন আহরিত ফি ও সেবা এবং গবেষণালব্ধ আয়।আন্তর্জাতিক মানের গবেষণাগার স্থাপন, দক্ষ জনবল সৃষ্টি, প্রযুক্তিগত উদ্ভাবন ও হস্তান্তরের মাধ্যমে দেশের শিল্পায়ন ও উন্নয়নে সহায়তা প্রদান, বিজ্ঞান ও প্রযুক্তির নব নব ক্ষেত্রে গবেষণা কার্যক্রম পরিচালনা এবং বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণায় সেন্টার অফ এক্সিলেন্স অর্জনের লক্ষ্যে বিসিএসআইআর তার বর্তমান কার্যক্রম আঞ্চলিক গবেষণাগার, ইনস্টিটিউট ও প্রকল্পসমূহের মাধ্যমে পরিচালনা করছে।

(খ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন বিগত প্রায় চার দশকেরও অধিক সময় ধরে সর্ববৃহৎ বৈজ্ঞানিক প্রতিষ্ঠান হিসেবে দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে পরমাণু বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা করে আসছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রজ্ঞা এবং দূরদর্শী বলিষ্ঠ পদক্ষেপের মধ্য দিয়ে ১৯৭৩ সালে গড়ে উঠা এ প্রতিষ্ঠানটি বর্তমানে বাংলাদেশের বৃহত্তম বিজ্ঞান গবেষণা প্রতিষ্ঠানের স্থান করে নিতে সক্ষম হয়েছে। প্রতিষ্ঠালগ্ন থেকেই আন্তর্জাতিক দায়বদ্ধতার অধীনে পরমাণু শক্তির অপব্যবহার নিরোধ এবং পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহারের মাধ্যমে জনস্বাস্থ্য, খাদ্য, কৃষি, শিক্ষা, শিল্পসহ জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতকে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন সহায়তা করে আসছে। এর মধ্যে দেশের দরিদ্র জনগোষ্ঠির জন্য অত্যাধুনিক পরমাণু চিকিৎসা সেবা প্রদান, আমদানীকৃত সকল খাদ্যদ্রব্যের তেজস্ক্রিয়তা পরীক্ষণের মাধ্যমে জনস্বাস্থ্য ও পরিবেশ সংরক্ষণ, বিকিরণজনিত নিরাপত্তা চর্চা প্রতিষ্ঠা, পারমাণবিক রশ্মি প্রয়োগের মাধ্যমে চিকিৎসা সামগ্রী ও ঔষধ জীবাণুমুক্তকরণ, খাদ্য সংরক্ষণ, উন্নতমানের পলিমারসামগ্রী উদ্ভাবন, খাদ্য ও পরিবেশের নানা উপাদানের রাসায়নিক বিশ্লেষণ ইত্যাদি উল্লেখযোগ্য। সর্বোপরি দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে রূপপুর পরমাণু বিদ্যুৎ কেন্দ্র স্থাপনে কমিশন কাজ করে যাচ্ছে।

- প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম :

(ক) বিসিএসআইআর




**(খ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন**

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সাংগঠনিক কাঠামোতে একজন চেয়ারম্যান ও চারজন সদস্যসহ মোট ২,১৯৯টি পদ রয়েছে। বর্তমানে ১৯০৯টি পদে কর্মকর্তা/কর্মচারী কর্মরত রয়েছে।



- **প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী**

**(ক) বিসিএসআইআর**

- বিজ্ঞান ও প্রযুক্তির নতুন নতুন ক্ষেত্রে গবেষণা কার্যক্রম পরিচালনা করা।
- সুনির্দিষ্ট বিজ্ঞান, শিল্প ও প্রযুক্তি গবেষণা কর্মসূচি ও প্রকল্পের জন্য সহায়ক অনুদান প্রদান।
- গবেষণা কাজে ফেলোশিপ প্রদান।
- নিজস্ব গবেষণাগারে উদ্ভাবিত গবেষণা প্রক্রিয়ার পেটেন্ট তৈরিকরণ এবং উহা শিল্প প্রতিষ্ঠানের ব্যবহারের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

**(খ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন**

- পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার সম্প্রসারণ;
- দরিদ্র জনগোষ্ঠীর জন্য উপযোগী টেকসই পরিবেশ-বান্ধব প্রযুক্তি উদ্ভাবনে গবেষণা ও উন্নয়ন;
- বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে গবেষণা প্রসার; এবং
- রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের অবকাঠামো নির্মাণ।

- **প্রতিষ্ঠানসমূহের Key Performance Indicator**

**(ক) বিসিএসআইআর**

- অপ্রচলিত ও নবায়নযোগ্য জ্বালানি বিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনা ও উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর;
- জনস্বাস্থ্য এবং খাদ্যের গুণগতমান নিশ্চিত এবং সংরক্ষণ করার লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা ও উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর;
- দেশীয় কাচাঁমাল ব্যবহারের মাধ্যমে শিল্পায়নের জন্য প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ;
- দেশে উৎপাদিত এবং আমদানি ও রপ্তানি পন্যের গুণগতমান নির্ধারণ ও নিশ্চিত করার লক্ষ্যে যাবতীয় পরীক্ষা নিরীক্ষা গবেষণা সুবিধাদি সৃষ্টির মাধ্যমে বাণিজ্য, শিল্পায়ন ও অর্থনীতি প্রবৃদ্ধিতে মূল প্রযুক্তিক সেবা প্রদান; এবং
- গবেষণা সুবিধাদি সৃষ্টির মাধ্যমে বাণিজ্য, শিল্পায়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধিতে মূল প্রযুক্তিক সেবা প্রদানের উদ্দেশ্যে মৌলিক ও ফলিত গবেষণা কর্ম ও প্রবন্ধ প্রকাশ।

**(খ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন**

- বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ;
- বিজ্ঞান বিষয়ক সেমিনার ও কর্মশালা আয়োজন;
- রেডিও আইসোটপভিত্তিক স্বাস্থ্য সেবা প্রদান;
- এমনিয়ন টিস্যু ও অস্থি গ্রাফট উৎপাদন ও সরবরাহ;
- বিকিরণ কর্মী এবং আমদানি ও রপ্তানিকৃত খাদ্যদ্রব্যের তেজস্ক্রিয়তার মাত্রা নিরূপণ;
- বিকিরণ কর্মীর শরীরে প্রাপ্ত বিকিরণ মাত্রা নিরূপণ;
- খাদ্যদ্রব্যে বিকিরণ প্রয়োগ;
- চিকিৎসা সামগ্রীতে বিকিরণ প্রয়োগ;
- গবেষণালব্ধ ফলাফল স্টেকহোল্ডারদের অবহিতকরণ; এবং
- রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের মূল পর্যায়ের নির্মাণ কার্যক্রম।

- **প্রতিষ্ঠানের বাজেট ও ব্যয় বিশ্লেষণ**

**সংস্থাভিত্তিক বরাদ্দ ও ব্যয় (২০১৮-১৯) :**

(হাজার টাকায়)

| ক্র: নং | সংস্থার নাম | প্রাতিষ্ঠানিক কোড | বাজেটের ধরণ | সংশোধিত বরাদ্দ | ব্যয় |
|---|---|---|---|---|---|
| ১. | বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) | ১৩১০০৫৬০০ | আবর্তক অনুদান | ১৪০,৮০,০০ | ১৩৯,৮৫,৭৪ |
| ২. | বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | ১৩১০০৫৭০০ | আবর্তক অনুদান | ২৬২,০২,৬১ | ২৪৬,৩০,৮৩ |
| | | | মোট= | ৪০২,৮২,৬১ | ৩৮৬,১৬,৫৭ |

মোট ব্যয়ের ৩০% (কম/বেশী) নিরীক্ষার আওতায় আনা হয়েছে।

**অডিটের আইনগত ভিত্তি:** দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (অ্যাডিশনাল ফাংশন্স) অ্যাক্ট, ১৯৭৪ এর ৫ (১) ধারা অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

**অডিটের পরিধি:**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ও এর প্রশাসনাধীন বিসিএসআইআর ও বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।

**অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য:**

**অডিট বিষয়বস্তু:** মাস্টার রোল/ক্যাজুয়াল ষ্টাফ, সরবরাহ ও সেবা, সম্পদ সংগ্রহ, মোটরযান, কম্পিউটার ক্রয়, মেরামত ও সংরক্ষণ, পূর্ত কাজ।

**অডিট কৌশল:**

- তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ।
- গুরুত্বপূর্ণ বিষয়/ম্যাটেরিয়ালিটি নির্ধারণ।
- ঝুঁকি নিরূপণ ও মূল্যায়ণ।
- নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন।
- পর্যবেক্ষণ, পরিদর্শন, তদন্ত, নথি ও রেকর্ডপত্র পর্যালোচনা ইত্যাদি।

**অডিট সময়কাল:**

০৯-১২-২০১৯ খ্রি. হতে ২৫-০৩-২০২০ খ্রি. পর্যন্ত।

# নির্বাহী সারসংক্ষেপ

ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কার্যালয়সমূহের ২০১৮-২০১৯ অর্থবছরের আর্থিক কার্যাবলী সংক্রান্ত তথ্য সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়েছে।

নিরীক্ষাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লজ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলত প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অডিট চলাকালে কোনো অডিট অনুচ্ছেদ নিষ্পত্তি করা হয়নি। অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রিপোর্টে ০৩টি অডিট অনুচ্ছেদ অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এতে জড়িত টাকার পরিমাণ ২১,৭১,৭৮,৬৬৬ (একুশ কোটি একাত্তর লক্ষ আটাত্তর হাজার ছয়শত ছেষট্টি) টাকা যা মোট বরাদ্দের ৫.৪%। নিম্নবর্ণিত বিধি বিধানসমূহ অনুসরণ না করায় অনিয়মসমূহ সংঘটিত হয়েছে :

- সরকারি আদেশ/আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন না করা।
- অর্গানোগ্রাম বহির্ভূত বিভিন্ন পদে জনবল নিয়োগ/পদোন্নতি প্রদান।
- সিপিডব্লিউ-এ কোড প্যারা ২২৩ অনুসরণ না করা।
- সরকারি অর্থ ব্যয়ে সতর্কতা অবলম্বন না করা।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী অডিটের সুপারিশসমূহ বাস্তবায়ন করার বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

# শব্দ সংক্ষেপ (Abbreviation)

| | |
|---|---|
| BANSDOC | Bangladesh National Scientific and Technical Documentation Centre |
| BCSIR | Bangladesh Council of Scientific and Industrial Research |
| BAEC | Bangladesh Atomic Energy Commission |
| BOQ | Bill of Quantity |
| CPW A CODE | Central Public Works Account Code |
| CSO | Chief Scientific Officer |
| IFST | Institute of Food Science and Technology |
| MB | Measurement Book |
| MOST | Ministry of Science and Technology |
| NINMAS | National Institute of Nuclear Medicine & Allied Sciences |
| PP & PDC | Pilot Plan and Process Development Centre |
| PSO | Principal Scientific Officer |
| SAE | Sub Assistant Engineer |
| SO | Scientific Officer |
| MS | Mild Steel |

# অধ্যায়-২

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | আপত্তির শিরোনাম | জড়িত (টাকা) |
|---|---|---|
| ০১. | মঞ্জুরিকৃত পদ অপেক্ষা অতিরিক্ত জনবলের বেতন ভাতাদি বাবদ অনিয়মিতভাবে পরিশোধ। | ১৮,৮৬,৭৪,০০৮ |
| ০২. | অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনার পরিপন্থীভাবে দৈনিক মজুরিভিত্তিক শ্রমিক নিয়োগ করায় আর্থিক ক্ষতি। | ২,৮৫,০৪,৬৫৮ |
| ০৩. | বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন রেগুলেশন্স অনুসরণ না করে সায়েন্টিফিক অফিসার (এসও) এবং সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (এসএই) পদে নিয়োগ প্রদান। | ----- |
| | সর্বমোট = | ২১,৭১,৭৮,৬৬৬ |

**কথায়: একুশ কোটি একাত্তর লক্ষ আটাত্তর হাজার ছয়শত ছেষট্টি টাকা**

# অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

অনুচ্ছেদ নং-০১

**শিরোনামঃ মঞ্জুরিকৃত পদ অপেক্ষা অতিরিক্ত জনবলের বেতন ভাতাদি বাবদ অনিয়মিতভাবে ১৮,৮৬,৭৪,০০৮ (আঠারো কোটি ছিয়াশি লক্ষ চুয়াত্তর হাজার আট) টাকা পরিশোধ।**

**বিবরণ:**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন (ক) বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম, (খ) পাইলট প্লান্ট এন্ড প্রসেস ডেভেলপমেন্ট সেন্টার (পিপিএন্ডপিডিসি) ঢাকা, (গ) ইনস্টিটিউট অব গ্লাস সিরামিক রিসার্চ এন্ড টেস্টিং (আইজিসিআরটি) ঢাকা, (ঘ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ঢাকা, (ঙ) পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা এবং (চ) ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এলায়েড সায়েন্সেস, ঢাকা কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের হিসাব নিরীক্ষাকালীন সময়ে দেখা যায়, মঞ্জুরিকৃত পদ অপেক্ষা ৩০৩ জন কর্মচারীর বেতন-ভাতাদি ১৮,৮৬,৭৪,০০৮ (আঠারো কোটি ছিয়াশি লক্ষ চুয়াত্তর হাজার আট) টাকা অনিয়মিতভাবে পরিশোধ করা হয়েছে।

নিরীক্ষাকালে উল্লিখিত কার্যালয়ের সাংগঠনিক কাঠামো, বেতন-ভাতা রেজিস্টার ও ক্যাশ বই নিরীক্ষা করে দেখা যায়, আপত্তিতে বর্ণিত কার্যালয়সমূহ চাকুরী বিধিমালা অনুসরণ না করেই জনবল কাঠামো বহির্ভূত লোক নিয়োগ করা হয়েছে। পরবর্তী সময়েও নিয়োগকৃত জনবল কাঠামোভুক্ত না করেই নিয়মিত বেতন-ভাতা পরিশোধ করা হয়েছে। উক্ত কর্মচারীদের বেতন-ভাতাদি বাবদ ২০১৮-২০১৯ অর্থবছরে মোট ১৮,৮৬,৭৪,০০৮ (আঠারো কোটি ছিয়াশি লক্ষ চুয়াত্তর হাজার আট) টাকা অনিয়মিতভাবে পরিশোধ করা হয়েছে, যা আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলার পরিপন্থী [বিস্তারিত পরিশিষ্ট-ক (১-৬)]।

**অনিয়মের কারণ:**

প্রতিষ্ঠানসমূহের অনুমোদিত অর্গানোগ্রাম লঙ্ঘন করে জনবল নিয়োগ করে বেতন-ভাতা প্রদান করা হচ্ছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

- **বিসিএসআইআর:** আপত্তির পরিপ্রেক্ষিতে উল্লেখ্য যে, অর্গানোগ্রাম বহির্ভূতভাবে বিসিএসআইআর-এ কোনো কর্মকর্তা/কর্মচারীকে বেতন ভাতা পরিশোধ করা হয়নি। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদেরকে অর্গানোগ্রামভুক্ত ও বাস্তব পদের বিপরীতে চাকুরীতে স্থায়ী করা হয়েছে। যে গবেষণাগারের জনবল কাঠামো যেভাবে বিন্যস্ত আছে, সেভাবে জনবল পদায়ন করা হয়ে থাকে। গবেষণার স্বার্থে ও অনিবার্য কারণে স্বীয় অধিক্ষেত্রে অভ্যন্তরীণ ব্যবস্থাপনার অংশ হিসাবে আপত্তিতে বর্ণিত জনবল পদায়িত।

- **পাইলট প্লান্ট এন্ড প্রসেস ডেভেলপমেন্ট সেন্টার, বিসিএসআইআর, ঢাকা:** পাইলট প্লান্ট এন্ড প্রসেস ডেভেলপমেন্ট সেন্টার, বিসিএসআইআর, ঢাকা অফিস জবাবে জানায় যে, পিপিএন্ডপিডিসি এর অনুমোদিত জনবল ১৩৯ জন। তবে তার বিপরীতে ৭৯ জন কর্মকর্তা/কর্মচারী কর্মরত রয়েছে। বিসিএসআইআর এর অনুমোদিত সাংগঠনিক কাঠামোর জনবল হতে অন্য ইউনিটে জনবলের বিপরীতে কর্তৃপক্ষ পদায়ন করেছেন ও কর্তৃপক্ষের অনুমোদনক্রমেই তাদের বেতন ভাতাদি প্রদান করা হয়েছে।

- **বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন:** বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন ঢাকা একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। কমিশনের অঙ্গ প্রতিষ্ঠানগুলোর চাহিদার আলোকে কোনো কোনো প্রতিষ্ঠানে অর্গানোগ্রামের অতিরিক্ত জনবল পদায়ন করা হলেও আবার কোনো কোনো প্রতিষ্ঠানে অর্গানোগ্রামের চেয়ে কম পদায়ন করা হয়েছে। ফলে, কমিশনের সরকার কর্তৃক মোট মঞ্জুরিকৃত জনবলের অতিরিক্ত পদায়ন করা হয়নি।

- **ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এলায়েড সায়েন্সেস:** ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এলায়েড সায়েন্সেস, শাহবাগ, ঢাকা অফিস জবাবে জানায় যে, নিনমাস (ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এলায়েড সায়েন্সেস) ঢাকায় প্রধান কার্যালয় কর্তৃক নিয়োগ প্রদান করা হয়। এ কার্যালয়ের কর্মপরিধি অনেক বৃদ্ধি হয়েছে। আরও জনবলের প্রয়োজন।

- **ইনস্টিটিউট অব গ্লাস সিরামিক রিসার্চ এন্ড টেস্টিং (আইজিসিআরটি):** জবাব পাওয়া যায়নি।

- **পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানঃ** জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষা মন্তব্য:

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ,

- বিসিএসআইআর এর জবাবের পরিপ্রেক্ষিতে উল্লেখ্য যে, আপত্তিতে বর্ণিত কর্মচারীগণকে বিভিন্ন ক্যাটাগরিতে শূন্য পদের বিপরীতে নিয়োগদানপূর্বক অর্গানোগ্রামভুক্তকরণ ও পদের বিপরীতে চাকুরী স্থায়ী করা হলেও এক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করার কোনো প্রমাণক পাওয়া যায়নি।

- বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এর জবাবের পরিপ্রেক্ষিতে উল্লেখ্য যে, শুধুমাত্র চাহিদার আলোকে জনবল নিয়োগ দিয়ে তা অর্গানোগ্রামভুক্ত না করা আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলার গুরুতর ব্যত্যয়।

- ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এলায়েড সায়েন্সেস এর জবাবের পরিপ্রেক্ষিতে উল্লেখ্য যে, অর্গানোগ্রাম বহির্ভূত জনবল নিয়োগ বিধি সম্মত নয়।

নিরীক্ষার সুপারিশ:

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত অনিয়মিতভাবে অতিরিক্ত কর্মচারী নিয়োগের জন্য দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

অনুচ্ছেদ নং-০২

**শিরোনাম: অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনার পরিপন্থীভাবে দৈনিক মজুরিভিত্তিক শ্রমিক নিয়োগ করায় ২,৮৫,০৪,৬৫৮ (দুই কোটি পঁচাশি লক্ষ চার হাজার ছয়শত আটান্ন) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন (ক) বিসিএসআইআর সচিবালয়, ঢাকা, (খ) খাদ্য বিজ্ঞান ও প্রযুক্তি ইনস্টিটিউট (IFST), বিসিএসআইআর, ঢাকা, (গ) বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম, (ঘ) বিসিএসআইআর গবেষণাগার রাজশাহী, (ঙ) ইনস্টিটিউট অব গ্লাস সিরামিক রিসার্চ এন্ড টেস্টিং (আইজিসিআরটি), (চ) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ঢাকা কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের হিসাব নিরীক্ষাকালে দেখা যায়, অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনার পরিপন্থীভাবে দৈনিক মজুরিভিত্তিক শ্রমিক নিয়োগপূর্বক মজুরি পরিশোধ করায় প্রতিষ্ঠানের ২,৮৫,০৪,৬৫৮ (দুই কোটি পঁচাশি লক্ষ চার হাজার ছয়শত আটান্ন) টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে বর্ণিত কার্যালয়সমূহের ক্যাশবহি, বিল-ভাউচার ও সংশ্লিষ্ট রেকর্ডপত্রসমূহ পর্যালোচনা করে দেখা যায়, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫,-৩৪, তারিখ: ২৪-০৫-২০১৬ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘনপূর্বক দৈনিক মজুরিভিত্তিক শ্রমিক নিয়োগপূর্বক মজুরি পরিশোধ করা হয়েছে। উক্ত স্মারক মোতাবেক দৈনিক মজুরি হারে মাসিকভিত্তিক শ্রমিক নিয়োগ করা যাবে না এবং শ্রমিকের সংখ্যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। কিন্তু আলোচ্য ক্ষেত্রে তা অনুসৃত হয়নি এবং একই ব্যক্তিকে নিয়োগ করে অনুমোদনহীনভাবে মজুরি পরিশোধ করা হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট-খ(১-৭)]।

**অনিয়মের কারণ:**

অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫-৩৪, তারিখ: ২৪-০৫-২০১৬ খ্রিঃ এর নির্দেশনা লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

- **বিসিএসআইআর সচিবালয়:** নিরীক্ষাকালীন জবাবে জানানো হয় যে, অর্থ মন্ত্রণালয়ের স্মারকের ব্যত্যয় ঘটিয়ে বিসিএসআইআর এর মাসভিত্তিক কোনো শ্রমিক নিয়োগ করা হয়নি। বিসিএসআইআর এর সাময়িক প্রকৃতির কাজ এবং Research & Development কর্মকাণ্ড এবং পরিচ্ছন্নতার কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য দৈনিকভিত্তিক শ্রমিক নিয়োজিত করা হয়েছিল। কোনো শ্রমিককে নিয়োগপত্র দেয়া হয়নি। শ্রমিক মজুরি অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত হারে পরিশোধ করা হয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে ০১-০৭-২০১৯ খ্রিঃ হতে মাসে একবার শ্রমিক মজুরি পরিশোধ করা হয় না।

- **বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন:** বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন একটি স্বায়ত্তশাসিত (Public bodies) প্রতিষ্ঠান। ১৯৮৩ সনে এনাম কমিটির রিপোর্টে মঞ্জুরিকৃত পদের পর দীর্ঘ ৩২ বছরে ৪র্থ শ্রেণীর মঞ্জুরিকৃত পদ বর্ধিত করা হয়নি, ইতোমধ্যে কমিশনের কাজের কলেবর অনেক বৃদ্ধি প্রেয়েছে। তাছাড়া, সরকারের অগ্রাধিকারভুক্ত দেশের সর্ববৃহৎ রূপপুর প্রকল্পসহ অন্যান্য সেবাধর্মী ও উন্নয়ন প্রকল্পসমূহের কাজসমূহের তদারকী প্রধান কার্যালয় থেকে সম্পন্ন করতে হয়। রূপপুর প্রকল্পে দেশি বিদেশি বিশেষজ্ঞরা হরহামেশাই প্রধান কার্যালয়ে অবস্থান করেন, তাদের আপ্যায়নসহ অন্যান্য কাজে সহযোগিতার জন্যে মঞ্জুরিকৃত ৪র্থ শ্রেণীর লোকবল দ্বারা সেবা প্রদান করা সম্ভব হয় না। সরকারের মঞ্জুরিকৃত জনবল নিয়মিত নিয়োগ না হওয়ায় জরুরী সার্ভিস বিবেচনায় ৪র্থ শ্রেণীর শুন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে দিনমজুর হিসাবে উল্লিখিত অর্থ পরিশোধ করা হয়েছে। উল্লেখ্য, কোনো শ্রমিককেই মাসভিত্তিক মজুরী পরিশোধ করা হয়নি, সংশ্লিষ্ট শ্রমিক যতদিন কাজ করেছে ততদিনের মজুরি প্রদান করা হয়েছে।

- খাদ্য বিজ্ঞান ও প্রযুক্তি ইনস্টিটিউট (IFST): খাদ্য বিজ্ঞান ও প্রযুক্তি ইনস্টিটিউট (IFST), বিসিএসআইআর, ঢাকা অফিস জবাবে জানায় যে, যাচাই-বাছাই শেষে বিস্তারিত জবাব পরবর্তীতে জানানো হবে।

- ইনস্টিটিউট অব গ্লাস সিরামিক রিসার্চ এন্ড টেস্টিং (আইজিসিআরটি): জবাব পাওয়া যায়নি।

- উল্লেখ্য গত ০৭-১০-২০২০ খ্রি. তারিখে অডিট অধিদপ্তর কর্তৃক সংস্থা প্রধান বরাবর AIR ইস্যু করা হলেও অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ

- বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন বিসিএসআইআর সচিবালয় (ঢাকা), খাদ্য বিজ্ঞান ও প্রযুক্তি ইনস্টিটিউট (আইএফএসটি), বিসিএসআইআর, ঢাকা বিসিএসআইআর গবেষণাগার (চট্টগ্রাম), বিসিএসআইআর গবেষণাগার (রাজশাহী) এবং ইনস্টিটিউট অব গ্লাস সিরামিক রিসার্চ এন্ড টেস্টিং (আইজিসিআরটি), ঢাকা কার্যালয়ের জবাবের পরিপ্রেক্ষিতে উল্লেখ্য যে, বিসিএসআইআর এর কাজ সাময়িক প্রকৃতির নয় বরং চলমান। এছাড়া উক্ত কার্যালয়ে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োজিত থাকা সত্ত্বেও দৈনিকভিত্তিতে শ্রমিক মজুরি পরিশোধ বিধিসম্মত হয়নি।

- বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এর কাজের কলেবর বৃদ্ধি পাওয়ায় শ্রমিক নিয়োগ জরুরি হলে তা আউটসোর্সিং এর মাধ্যমে পূরণ করা সম্ভব ছিল। মাসভিত্তিক কোনো শ্রমিককে মজুরি পরিশোধ করা হয়নি মর্মে বলা হলেও প্রকৃত পক্ষে ৩৭ জন শ্রমিককে অস্থায়ী ভিত্তিতে দিনমজুর হিসাবে নিয়োগ করে ১২ মাস বেতন প্রদান অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনার পরিপন্থি।

**নিরীক্ষার সুপারিশ:**

অনিয়মিতভাবে শ্রমিক মজুরি পরিশোধের ক্ষেত্রে ব্যয়োত্তর অনুমোদন ও নিয়মিত শ্রমিক নিয়োগ করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-০৩

**শিরোনাম : বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন সার্ভিস রেগুলেশন্স, ১৯৮৫ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতার শর্ত লঙ্ঘন করে সায়েন্টিফিক অফিসার (এসও) এবং সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (এসএই) পদে নিয়োগ প্রদান।**

**বিবরণ :**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ঢাকা কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের হিসাব নিরীক্ষায় বিজ্ঞানীদের জ্যেষ্ঠতা তালিকা ও সংশ্লিষ্ট অন্যান্য প্রাসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনা করে দেখা যায়, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন সার্ভিস রেগুলেশন্স, ১৯৮৫ অনুসরণ না করে সায়েন্টিফিক অফিসার (এসও) এবং সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (এসএই) পদে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা অনুসরণ না করে চাকরিতে নিয়োগ প্রদান করা হয়েছে।

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন সার্ভিস রেগুলেশন্স, ১৯৮৫ এর সিডিউলের ৪নং ক্রমিকে সায়েন্টিফিক অফিসার (এসও) পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে চাকরিতে প্রবেশের শিক্ষাগত যোগ্যতা এমএসসি (৩টি প্রথম শ্রেণিসহ) এবং সিডিউলের ১৪ নং ক্রমিকে সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (এসএই) পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে চাকরিতে প্রবেশের শিক্ষাগত যোগ্যতা ১ম শ্রেণির ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ার। কিন্তু আলোচ্য ক্ষেত্রে তা অনুসরণ না করে এসও এবং এসএই পদে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার চেয়ে কম যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের চাকরিতে নিয়োগ প্রদান করা হয়েছে [বিস্তারিত পরিশিষ্ট-গ]।

**অনিয়মের কারণ :**

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন সার্ভিস রেগুলেশন্স, ১৯৮৫ এর সিডিউলের ক্রমিক নং ৪ ও ১৪ লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব :**

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সার্ভিস রেগুলেশন্স, ১৯৮৫ অনুয়ায়ী বিভিন্ন সময়ে এসও এবং সমমান পদে নিয়োগ প্রদান করা হয়। সরকারি এবং কমিশনের সার্ভিস রুল মেনেই নিয়োগ কাজ সম্পন্ন করা হয়ে থাকে। আপত্তির সাথে সংশ্লিষ্ট অনেকেই Research Assistant হিসেবে উন্নয়ন প্রকল্পে কর্মরত ছিলেন বিধায় তাদের বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিল করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য :**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ সার্ভিস রেগুলেশন্স মেনে নিয়োগ প্রদান করলে উপরোক্ত অনিয়ম হতো না। সার্ভিস রুলে এসও পদে নিয়োগের ক্ষেত্রে এমএসসি (৩টি প্রথম শ্রেণিসহ) এবং এসএই নিয়োগের ক্ষেত্রে ১ম শ্রেণির ডিপ্লোমা যোগ্যতা বলা থাকলেও আলোচ্য ক্ষেত্রে তা অনুসরণ করা হয়নি। প্রকল্পে কর্মরত কর্মচারীগণকে ডিপার্টমেন্টাল হিসেবে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিল করা সমীচীন হয়নি।

**নিরীক্ষার সুপারিশ :**

সার্ভিস রেগুলেশন্স অনুযায়ী ব্যবস্থা গ্রহণ না করার বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক ।

তারিখ: ০৩-০১-১৪২৯ বঙ্গাব্দ / ১৮-০৪-2022 খ্রিষ্টাব্দ ।

মহাপরিচালক
ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর
হিসাব ভবন, ৩য় তলা, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
ফোন : ৪৮৩১৬০৯৯।

মোহাম্মদ মাহমুদ হোসেন
মহাপরিচালক
ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

# দ্বিতীয় অংশ

# (পরিশিষ্টসমূহ)

# অডিট অনুচ্ছেদসমূহের সংক্ষিপ্ত বিবরণঃ

| অনুচ্ছেদ নম্বর | শিরোনাম | বিস্তারিত পরিশিষ্ট নম্বর | জড়িত (টাকা) |
|---|---|---|---|
| ০১ | মঞ্জুরিকৃত পদ অপেক্ষা অতিরিক্ত জনবলের বেতন ভাতাদি বাবদ অনিয়মিতভাবে পরিশোধ। | ক | ১৮,৮৬,৭৪,০০৮ |
| ০২ | অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনার পরিপন্থীভাবে দৈনিক মজুরিভিত্তিক শ্রমিক নিয়োগ করায় আর্থিক ক্ষতি। | খ | ২,৮৫,০৪,৬৫৮ |
| ০৩ | বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন রেগুলেশন্স অনুসরণ না করে সায়েন্টিফিক অফিসার (এসও) এবং সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (এসএই) পদে নিয়োগ প্রদান। | গ | ----- |

## অর্গানোগ্রাম বহির্ভূত পদে বেতন-ভাতা পরিশোধের বিবরণী

| ক্র: নং | প্রতিষ্ঠানের নাম | জড়িত (টাকা) |
|---|---|---|
| ক (১) | ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এলায়েড সায়েন্সেস শাহবাগ ঢাকা | ১,০৭,৪১,৮২৪ |
| ক (২) | বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ঢাকা | ১৩,৭৭,৮২,২০০ |
| ক (৩) | পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা | ৩,০৩,২৭,০০০ |
| ক (৪) | বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম | ৩৮,৮০,৮০০ |
| ক (৫) | পাইলট প্লান্ট এন্ড প্রসেস ডেভেলপমেন্ট সেন্টার (PP & PDC), বিসিএসআইআর, ঢাকা | ৪৩,৯২,২৮৮ |
| ক (৬) | ইনস্টিটিউট অব গ্লাস সিরামিক রিসার্চ এন্ড টেস্টিং, (আইজিসিআরটি), ঢাকা। | ১৫,৪৯,৮৯৬ |
| | মোট = | ১৮,৮৬,৭৪,০০৮ |

কথায়: আঠারো কোটি ছিয়াশি লক্ষ চুয়াত্তর হাজার আট টাকা

পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালাইড সায়েন্সেস।
অর্গানোগ্রাম বহির্ভূতভাবে লোকবল নিয়োগ করে অনিয়মিতভাবে ব্যয়ের বিবরণী

| ক্রমিক নং | পদের নাম | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | অতিরিক্ত পদের সংখ্যা | অতিরিক্ত পরিশোধ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | সিএসও | ০৫ | ০৭ | ০২ | (১,০০,৬৫৫+১,০১,৬৫৫)×১২=২৪,২৭,৭২০ |
| ২। | উর্ধ্বতন এক্সপেরিমেন্টাল অফিসার | ০০ | ০১ | ০১ | ৫৫,০২৫×১২=৬,৬০,৩০০ |
| ৩। | এক্সপেরিমেন্টাল অফিসার | ০১ | ০৪ | ০৩ | (৫৬,৬৫৩+৪১,৯১৪+৪৫,৫৫৫)×১২=১৭,২৯,৪৬৪ |
| ৪। | কারিগরি কর্মকর্তা | ০০ | ০৫ | ০৫ | (৬৯,৪৯৫+৫৫,২১৫+৫৯,৮৯০+৫৮,০৩০+২১,৪৭০)×১২=৩১,৬৯,২০০ |
| ৫। | উর্ধ্বতন একাউন্টস অফিসার | ০০ | ০১ | ০১ | ৮২,৯১৫×১২=৯,৯৪,৯৮০ |
| ৬। | উর্ধ্বতন প্রকৌশলী | ০০ | ০১ | ০১ | ৫৫,০২৫×১২=৬,৬০,৩০০ |
| ৭। | সিনিয়র সাইন্টিফিক এসিসটেন্ট | ০৩ | ০৪ | ০১ | ৫৫,০২৫×১২=৬,৬০,৩০০ |
| ৮। | সুপারিনটেনডেন্ট/ তত্ত্বাবধায়ক | ০১ | ০৩ | ০২ | (১৫,১৮০+২১,৪৫০)×১২=৪,৩৯,৫৬০ |
| | | ১০ | ২৬ | ১৬ | **১,০৭,৪১,৮২৪** |

কথায় : এক কোটি সাত লক্ষ একচল্লিশ হাজার আটশত চব্বিশ টাকা

চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা।
অর্গানোগ্রাম বহির্ভূতভাবে লোকবল নিয়োগ করে অনিয়মিতভাবে ব্যয়ের বিবরণী :

| ক্রঃ নং | পদের নাম | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | অতিরিক্ত পদের সংখ্যা | অতিরিক্ত পরিশোধ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা সিএসও, গ্রেড-৩ | ৪২ | ৭৬ | ৩৪ | ৮৪,৭৫০×১২×৩৪=৩,৪৫,৭৮,০০০ |
| ২। | প্রধান প্রকৌশলী, গ্রেড-৩ | ১৩ | ২১ | ০৮ | ৮৪,৭৫০×১২×৮=৮১,৩৬,০০০ |
| ৩। | প্রধান চিকিৎসা কর্মকর্তা, গ্রেড-৩ | ১৩ | ৩৪ | ২১ | ৮৪,৭৫০×১২×২১=২,১৩,৫৭,০০০ |
| ৪। | প্রধান ভূতত্ত্ববিদ, গ্রেড-৩ | ১ | ৩ | ২ | ৮৪,৭৫০×১২×২=২০,৩৪,০০০ |
| ৫। | প্রধান প্রশাসনিক কর্মকর্তা, গ্রেড-৪ | ১ | ৪ | ৩ | ৭৫,০০০×১২×৩=২৭,০০,০০০ |
| ৬। | মুখ্য ভূতত্ত্ববিদ, গ্রেড-৪ | ২ | ৪ | ২ | ৭৫,০০০×১২×২=১৮,০০,০০০ |
| ৭। | মুখ্য হিসাবরক্ষণ কর্মকর্তা, গ্রেড-৫ | ২ | ৭ | ৫ | ৬৪,৫০০×১২×৫=৩৮,৭০,০০০ |
| ৮। | মুখ্য লাব্রেরিয়ান, গ্রেড-৫ | ১ | ২ | ১ | ৬৪,৫০০×১২×১=৭,৭৪,০০০ |
| ৯। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা এসএসও, গ্রেড-৬ | ৯৩ | ১০৪ | ১১ | ৫৫,০২৫×১২×১১=৭২,৬৩,৩০০ |
| ১০। | উর্ধ্বতন চিকিৎসা কর্মকর্তা এসএসও, গ্রেড-৬ | ৩৪ | ৪৪ | ১০ | ৫৫,০২৫×১২×১০=৬৬,০৩,০০০ |
| ১১। | উর্ধ্বতন ভূতত্ত্ববিদ, গ্রেড-৬ | ৩ | ৬ | ৩ | ৫৫,০২৫×১২×৩=১৯,৮০,৯০০ |
| ১২। | উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা, গ্রেড-৬ | ৮ | ২৪ | ১৬ | ৫৫,০২৫×১২×১৬=১,০৫,৬৪,৮০০ |
| ১৩। | উর্ধ্বতন হিসাবরক্ষণ কর্মকর্তা, গ্রেড-৬ | ৪ | ১৫ | ১১ | ৫৫,০২৫×১২×১১=৭২,৬৩,৩০০ |
| ১৪। | উর্ধ্বতন লাইব্রেরিয়ান, গ্রেড-৬ | ২ | ৩ | ১ | ৫৫,০২৫×১২×১=৬,৬০,৩০০ |
| ১৫। | উর্ধ্বতন কারিগরি কর্মকর্তা গ্রেড-৬ | ০ | ১ | ১ | ৫৫,০২৫×১২×১=৬,৬০,৩০০ |
| ১৬। | উর্ধ্বতন পরীক্ষণ কর্মকর্তা এসইও, গ্রেড-৬ | ৮ | ১৫ | ৭ | ৫৫,০২৫×১২×৭=৪৬,২২,১০০ |
| ১৭। | হিসাবরক্ষণ কর্মকর্তা, গ্রেড-৯ | ২৬ | ৩০ | ৪ | ৩৪,১০০×১২×৪=১৬,৩৬,৮০০ |
| ১৮। | পরীক্ষণ কর্মকর্তা, ইও, গ্রেড-৯ | ২৪ | ২৬ | ২ | ৩৪,১০০×১২×২=৮,১৮,৪০০ |
| ১৯। | কারিগরী কর্মকর্তা, টিও, গ্রেড-৯ | ৩০ | ৮০ | ৫০ | ৩৪,১০০×১২×৫০=২,০৪,৬০,০০০ |
| | মোট= | ৩০৭ | ৪৯৯ | ১৯২ | ১৩,৭৭,৮২,২০০ |

কথায় : তেরো কোটি সাতাত্তর লক্ষ বিরাশি হাজার দুইশত টাকা

অর্গানোগ্রাম বহির্ভূতভাবে লোকবল নিয়োগ করে অনিয়মিতভাবে ব্যয়ের বিবরণী :

| ক্রঃ নং | পদের নাম | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরতপদের সংখ্যা | অতিরিক্ত পদের সংখ্যা | অতিরিক্ত পরিশোধ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | প্রধান প্রকৌশলী, গ্রেড-৩ | ১ | ২ | ১ | ৮৪,৭৫০×১২=১০,১৭,০০০ |
| ২। | মুখ্য প্রকৌশলী, গ্রেড-৪ | ১ | ১০ | ৯ | ৭৫,০০০×১২×৯=৮১,০০,০০০ |
| ৩। | উর্ধ্বতন প্রকৌশলী, গ্রেড-৬ | ৬ | ১৩ | ৭ | ৫৫,০২৫×১২×৭=৪৬,২২,১০০ |
| ৪। | উর্ধ্বতন ভূতত্ত্ববিদ, গ্রেড-৬ | ১ | ৩ | ২ | ৫৫,০২৫×১২×২=১৩,২০,৬০০ |
| ৫। | উর্ধ্বতন হিসাবরক্ষণ কর্মকর্তা, গ্রেড-৬ | ২ | ৩ | ১ | ৫৫,০২৫×১২=৬,৬০,৩০০ |
| ৬। | প্রকৌশলী, গ্রেড-৯ | ৬ | ৭ | ১ | ৩৪,১০০×১২=৪,০৯,২০০ |
| ৭। | প্রশাসনিক কর্মকর্তা, গ্রেড-৯ | ৪ | ১১ | ৭ | ৩৪,১০০×১২×৭=২৮,৬৪,৪০০ |
| ৮। | উপ সহকারী প্রকৌশলী, গ্রেড-১০ | ১ | ৬ | ৫ | ২৫,৬০০×১২×৫=১৫,৩৬,০০০ |
| ৯। | উর্ধ্বতন প্রকর্মী, গ্রেড-১০ | ৭ | ১৯ | ১২ | ২৪,৮০০×১২×১২=৩৫,৭১,২০০ |
| ১০। | তত্ত্বাবধায়ক, গ্রেড-১০ | ৫ | ৯ | ৪ | ২৪,৮০০×১২×৪=১১,৯০,৪০০ |
| ১১। | টেকনিশিয়ান, গ্রেড-১১ | ১৩ | ৩৬ | ২৩ | ১৭,৬০০×১২×২৩=৪৮,৫৭,৬০০ |
| ১২। | দপ্তরী, গ্রেড-১৭ | ১ | ২ | ১ | ১৪,৮৫০×১২=১,৭৮,২০০ |
| | মোট= | ৪৮ | ১২১ | ৭৩ | ৩,০৩,২৭,০০০ |

কথায় : তিন কোটি তিন লক্ষ সাতাশ হাজার টাকা

অর্গানোগ্রাম বহির্ভূত পদে বেতন-ভাতা পরিশোধের বিবরণী
প্রতিষ্ঠানের নাম : বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম।

| ক্রঃ নং | পদের নাম | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | অতিরিক্ত পদের সংখ্যা | অতিরিক্ত পরিশোধ |
|---|---|---|---|---|---|
| ১ | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | ২ | ৩ | ১ | ৮০,৬০০×১২=৯,৬৭,২০০ |
| ২ | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ৯ | ১৩ | ৪ | ৪৩,৫৫০×১২×৪=২০,৯০,৪০০ |
| ৩ | কারিগরি কর্মকর্তা | ০ | ১ | ১ | ৩৩,৪০০×১২=৪,০০,৮০০ |
| ৪ | উপ সহকারী প্রকৌশলী | ১ | ২ | ১ | ২০,২০০×১২=২,৪২,৪০০ |
| ৫ | মেডিক্যাল অফিসার | ০ | ১ | ১ | ১৫,০০০×১২=১,৮০,০০০ |
| | | | | মোট = | ৩৮,৮০,৮০০ |

কথায় : আটত্রিশ লক্ষ আশি হাজার আটশত টাকা

পরিচালক, পাইলট প্লান্ট এন্ড প্রসেস ডেভেলপমেন্ট সেন্টার
বিসিএসআইআর, ঢাকা।
অর্গানোগ্রাম বহির্ভূত অতিরিক্ত পদের বেতন ও ভাতাদি অনিয়মিতভাবে অর্থ পরিশোধের বিবরণী :

| ক্রঃ নং | পদের নাম | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | অতিরিক্ত পদের সংখ্যা | অতিরিক্ত পরিশোধ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | পিএসও | ০০ | ০১ | ০১ | ৯৫৭,৬০×১২=১১,৪৯,১২০ |
| ২। | টিও | ০০ | ০১ | ০১ | ৬৩,১৬৫×১২=৭,৫৭,৯৮০ |
| ৩। | সহকারী প্রশাসন কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা (অতিঃ দাঃ) | ০০ | ০১ | ০১ | ২২,৬২০×১২=২,৭১,৪৪০ |
| ৪। | জেইও | ০০ | ০৩ | ০৩ | (৫২৯৩৭,+৪৪৫১৭,+৪৪০১৭,)×১২=১৬,৯৭,৬৫২ |
| ৫। | ল্যাব টেকনিশিয়ান | ০০ | ০১ | ০১ | ২৪৫৪৮×১২=২,৯৪,৫৭৬ |
| ৬। | রেকর্ড কিপার | ০০ | ০১ | ০১ | ১৮৪,৬০×১২=২,২১,৫২০ |
| | | ০০ | ০৮ | ০৮ | = ৪৩,৯২,২৮৮ |

কথায় : তেতাল্লিশ লক্ষ বিরানব্বই হাজার দুইশত আটাশি টাকা)

পরিচালক কাঁচ ও সিরামিক গবেষণা ও পরীক্ষণ ইনস্টিটিউট
অর্গানোগ্রাম বহির্ভূতভাবে নিয়োগ দেখিয়ে অনিয়মিতভাবে ব্যয়ের বিবরণী :

| ক্রঃ নং | পদের নাম | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | অতিরিক্ত পদের সংখ্যা | অতিরিক্ত পরিশোধ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | জুনিয়র টেকনিশিয়ান | ০৭ | ১০ | ০৩ | (১৭,৮৭০+১৬,৯৪৫+১৯,৭৫৩)×১২=৬,৫৪,৮১৬ |
| ২। | স্টেনোগ্রাফার | ০০ | ০১ | ০১ | ২৬,৫৪৭×১২=৩,১৮,৫৬৪ |
| ৩। | তত্ত্বাবধায়ক | ০০ | ০১ | ০১ | ৩১,১৮৭×১২=৩,৭৪,২৪৪ |
| ৪। | পরিচ্ছন্ন কর্মী | ০০ | ০১ | ০১ | ১৬,৮৫৬×১২=২,০২,২৭২ |
| | | | | | = ১৫,৪৯,৮৯৬ |

কথায় : পনেরো লক্ষ উনপঞ্চাশ হাজার আটশত ছিয়ানব্বই টাকা

পরিশিষ্ট নং-খ

দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরি পরিশোধের বিবরণী

| ক্রঃ নং | প্রতিষ্ঠানের নাম | জড়িত (টাকা) |
|---|---|---|
| খ (১) | বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা। | ৫৮,১১,৬৫০ |
| খ (২) | খাদ্য বিজ্ঞান ও প্রযুক্তি ইনস্টিটিউট (IFST), বিসিএসআইআর, ঢাকা। | ৩০,৫৫,২০০ |
| খ (৩) | বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম। | ১৮,৯৭,০২৫ |
| খ (৪) | বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম। | ২৫,৭৭,৯০৮ |
| খ (৫) | বিসিএসআইআর সচিবালয়, ঢাকা। | ৮৭,৫২,১৭৫ |
| খ (৬) | বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহী। | ৫৮,৪০,৭০০ |
| খ (৭) | ইনস্টিটিউট অব গ্লাস সিরামিক রিসার্চ এন্ড টেস্টিং (আইজিসিআরটি), ঢাকা। | ৫,৭০,০০০ |
| | মোট = | ২,৮৫,০৪,৬৫৮ |

কথায় : দুই কোটি পঁচাশি লক্ষ চার হাজার ছয়শত আটান্ন টাকা

বাংলাদেশ পরমানু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা।
দৈনিক ভিত্তিক শ্রমিক নিয়োগ করে অনিয়মিতভাবে ব্যয়ের বিবরণী :

| ক্রঃ নং | বিবরণ | ভাউচার নম্বর | মাসের নাম | শ্রমিকের সংখ্যা | পরিশোধিত টাকা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | দৈনিক মজুরি | ৩৩৭<br>৭/১৮ | জুলাই ২০১৮ | ৩৭ | ৪,৫৩,৪০০ |
| ২। | দৈনিক মজুরি | ৪৭৫<br>৮/১৮ | আগস্ট ২০১৮ | ৩৭ | ৪,৮৩,৬০০ |
| ৩। | দৈনিক মজুরি | ২৪৯<br>৯/১৮ | সেপ্টেম্বর ২০১৮ | ৩৭ | ৩,৯৬,৪০০ |
| ৪। | দৈনিক মজুরি | ২৪৮<br>১০/১৮ | অক্টোবর ২০১৮ | ৩৭ | ৪,৬৪,৭০০ |
| ৫। | দৈনিক মজুরি | ২৫৩<br>১১/১৮ | নভেম্বর ২০১৮ | ৩৭ | ৪,৮৫,৫০০ |
| ৬। | দৈনিক মজুরি | ২০১<br>১২/১৮ | ডিসেম্বর ২০১৮ | ৩৭ | ৪,৫৪,৯০০ |
| ৭। | দৈনিক মজুরি | ২২৩<br>১/১৯ | জানুয়ারি ২০১৯ | ৩৭ | ৪,৭১,০০০ |
| ৮। | দৈনিক মজুরি | ২২৯<br>২/১৯ | ফেব্রুয়ারি ২০১৯ | ৩৭ | ৫,৩৩,৫২৫ |
| ৯। | দৈনিক মজুরি | ২৪০<br>৩/১৯ | মার্চ ২০১৯ | ৩৭ | ৪,৮০,৬০০ |
| ১০। | দৈনিক মজুরি | ৩৬৯<br>৪/১৯ | এপ্রিল ২০১৯ | ৩৭ | ৫,৩৩,৫২৫ |
| ১১। | দৈনিক মজুরি | ২৩৮<br>৫/১৯ | মে ২০১৯ | ৩৭ | ৫,৩৬,৫০০ |
| ১২। | দৈনিক মজুরি | ৬১৩<br>৬/১৯ | জুন ২০১৯ | ৩৭ | ৫,১৮,০০০ |
| | | | | মোট = | ৫৮,১১,৬৫০ |

কথায় : আটান্ন লক্ষ এগারো হাজার ছয়শত পঞ্চাশ টাকা

দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরি পরিশোধের বিবরণী

প্রতিষ্ঠানের নাম : খাদ্য বিজ্ঞান ও প্রযুক্তি ইনস্টিটিউট (IFST), বিসিএসআইআর, ঢাকা।

| ক্রঃ নং | ভাউচার নম্বর | শ্রমিক সংখ্যা | পরিশোধ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২, ১১-০৭-১৮ | ২৭ জন | ২,২৮,৪৭৫ | জনপ্রতি দৈনিক ৪৭৫ টাকা হারে মজুরি পরিশোধ করা হয়েছে। |
| ২ | ৭৫, ০৩-০৮-১৮ | ২৭ জন | ২,৯১,৬৫০ | |
| ৩ | ১৪৭, ০৫-০৯-১৮ | ২৭ জন | ২,২৮,৯৫০ | |
| ৪ | ২১৬, ০২-১০-১৮ | ২৭ জন | ২,৫৫,০৭৫ | |
| ৫ | ২৭৮, ০৪-১১-১৮ | ২৭ জন | ২,৯৫,৯২৫ | |
| ৬ | ৩৭১, ০২-১২-১৮ | ২৬ জন | ২,৫২,৭০০ | |
| ৭ | ৪৫১, ০১-০১-১৯ | ২৬ জন | ২,৩৫,১২৫ | |
| ৮ | ৫৩৮, ০৪-০২-১৯ | ২৬ জন | ২,৭৭,৮৭৫ | |
| ৯ | ৬১০, ০৪-০৩-১৯ | ২৬ জন | ২,৩৪,১৭৫ | |
| ১০ | ৭২৬, ০৩-০৪-১৯ | ২৬ জন | ২,৬২,৯৭৫ | |
| ১১ | ৮৩৮, ০৫-০৫-১৯ | ২৭ জন | ২,৭০,০২৫ | |
| ১২ | ১০৪১, ৩০-০৬-১৯ | ২৬ জন | ২,২২,২৫০ | |
| | | মোট= | ৩০,৫৫,২০০ | |

কথায় : ত্রিশ লক্ষ পঁঞ্চান্ন হাজার দুইশত টাকা

## শ্রমিক মজুরি পরিশোধের বিবরণী
## প্রতিষ্ঠানের নাম : বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম

| ক্রঃ নং | ভাউচার নং | পরিশোধ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ১৫, ৩১-০৭-১৮ | ১,৮১,১৫০ | জনপ্রতি দৈনিক ৪৭৫/৫০০ টাকা হারে মজুরি পরিশোধ করা হয়েছে। |
| ২ | ৮৮, ৩০-০৮-১৮ | ১,৬৮,০৭৫ | |
| ৩ | ১৪০, ০৩-১০-১৮ | ১,৭৫,৪৫০ | |
| ৪ | ২৪৬, ০৭-১১-১৮ | ১,৮১,১৫০ | |
| ৫ | ৩১৬, ০৫-১২-১৮ | ১,৭৯,৭২৫ | |
| ৬ | ৩৮৭, ০৬-০১-১৯ | ১,৭২,৬০০ | |
| ৭ | ৪৫৫, ০৬-০২-১৯ | ১,৮০,৬৭৫ | |
| ৮ | ৫৩৪, ০৬-০৩-১৯ | ১,৬৮,৬৭৫ | |
| ৯ | ৬১১, ০২-০৪-১৯ | ১,৬৭,৫৭৫ | |
| ১০ | ৬৮৮(ক), ০৮-০৫-১৯ | ১,৫৮,৬০০ | |
| ১১ | ৭৭০, ৩০-০৫-১৯ | ১,৬৩,৩৫০ | |
| | মোট= | ১৮,৯৭,০২৫ | |

কথায় : আঠারো লক্ষ সাতানব্বই হাজার পঁচিশ টাকা

শ্রমিক মজুরি পরিশোধের বিবরণী
প্রতিষ্ঠানের নাম : বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম

| ক্রঃ নং | ভাউচার নম্বর | পরিশোধ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ১৪, ৩১-০৭-১৮ | ২৩১৩৫৪ | জনপ্রতি দৈনিক ৪৭৫/৫০০ টাকা হারে মজুরি পরিশোধ করা হয়েছে। |
| ২ | ৮৯, ৩০-০৮-১৮ | ২,০৬,৬৪১ | |
| ৩ | ১৩৯, ০৩-১০-১৮ | ২,৩৪,২০৫ | |
| ৪ | ২৪৫, ০৭-১১-১৮ | ২,৪৬,৪৯০ | |
| ৫ | ৩১৭, ০৫-১২-১৮ | ২,২৪,৫৪০ | |
| ৬ | ৩৮৮, ০৬-০১-১৯ | ২,৩৩,৩৩৫ | |
| ৭ | ৪৫৬, ০৫-০২-১৯ | ২,৪৪,৩৩৯ | |
| ৮ | ৫৩৩, ০৬-০৩-১৯ | ২,১৮,৯৩৮ | |
| ৯ | ৬১০, ০২-০৪-১৯ | ২,৩৯,৩৬৩ | |
| ১০ | ৬৮৮, ০৮-০৫-১৯ | ২,৩৯,০৩৯ | |
| ১১ | ৭৭১, ৩০-০৫-১৯ | ২,৫৯,৬৬৪ | |
| | মোট= | ২৫,৭৭,৯০৮ | |

কথায় : পঁচিশ লক্ষ  সাতাত্তর হাজার নয়শত আট টাকা

## শ্রমিক মজুরি পরিশোধের বিবরণী
প্রতিষ্ঠানের নাম : বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ সচিবালয়, ঢাকা

| ক্রঃ নং | মাস | শ্রমিক সংখ্যা | ভাউচার নম্বর | পরিশোধ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ০৬/১৮ | ৫৩ | ০৭, ০৪-০৭-১৮ | ৫,৬২,৯২৫ | দৈনিকভিত্তিক ৪৭৫/৫০০ টাকা হারে ৩২১১১০৯ খাত হতে পরিশোধ করা হয়েছে। |
| ২ | ০৭/১৮ | ৫৫ | ১৪৪, ০৮-০৮-১৮ | ৭,৪৯,৩২৫ | |
| ৩ | ০৮/১৮ | ৫৩ | ২৭১, ০৫-০৯-১৮ | ৬,২২,৬০০ | |
| ৪ | ০৯/১৮ | ৫২ | ৪৫৫, ০৪-১০-১৮ | ৬,৫৭,০০০ | |
| ৫ | ১০/১৮ | ৫৩ | ৬৫৮, ০৭-১১-১৮ | ৭,০০,৩০০ | |
| ৬ | ১১/১৮ | ৫৫ | ৮৬৪, ০৫-১২-১৮ | ৬,৪৮,৯৭৫ | |
| ৭ | ১২/১৮ | ৫৬ | ১০২১, ০৭-০১-১৯ | ৬,৭৭,০০০ | |
| ৮ | ০১/১৯ | ৫৯ | ১২৩০, ০৬-০২-১৯ | ৭,৬০,২০০ | |
| ৯ | ০২/১৯ | ৫৮ | ১৪০৮, ০৭-০৩-১৯ | ৬,২১,৮৫০ | |
| ১০ | ০৩/১৯ | ৫৮ | ১৫৮১, ০৩-০৪-১৯ | ৬,৮৮,২৭৫ | |
| ১১ | ০৪/১৯ | ৫৭ | ১৭৫২, ০৬-০৫-১৯ | ৬,৭৯,৭০০ | |
| ১২ | ০৫/১৯ | ৫৭ | ১৯০৩, ৩০-০৫-১৯ | ৭,৫০,৪২৫ | |
| ১৩ | ০৬/১৯ | ৫৭ | ২০৭০, ৩০-০৬-১৯ | ৬,৩৩,৬০০ | |
| | | | মোট = | ৮৭,৫২,১৭৫ | |

**কথায় : সাতাশি লক্ষ বাহান্ন হাজার একশত পঁচাত্তর টাকা**

শ্রমিক নিয়োগ করে অনিয়মিতভাবে ব্যয়ের বিবরণী :
প্রতিষ্ঠানের নাম : পরিচালক বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণাগার, রাজশাহী।

| ক্রঃ নং | পরিশোধ | শ্রমিক সংখ্যা | ভাউচার নম্বর |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | ২,৪৪,৬৫০+২,০০,২৫০=৪,৪৪,৯০০ | ২১+২০=৪১ | ০২ ও ০৩<br>০৩-০৭-১৮ |
| ২। | ২,৫৯,৫০০+২,১৫,৫৫০=৪,৭৫,০৫০ | ২১+২০=৪১ | ৩৬ ও ৩৭<br>০১-০৮-১৮ |
| ৩। | ৫৩,৬০০+৪৫,৪৫০=৯৯,০৫০ | ২১+২০=৪১ | ৯৮ ও ৯৯<br>০৫-০৯-১৮ |
| ৪। | ১,৬১,১০০+১,৩৭,২৫০=২,৯৮,৩৫০ | ২১+২০=৪১ | ৭৭ ও ৭৮<br>২০-০৮-১৮ |
| ৫। | ২,৪৫,৭০০+১,৯৫,৩০০=৪,৪১,০০০ | ২১+২০=৪১ | ১৪৭ ও ১৪৮<br>৩০-০৯-১৮ |
| ৬। | ২,৬৭,৩০০+২,২৫,০০০=৪,৯২,০০০ | ২১+২০=৪১ | ২২৮ ও ২২৯<br>০১-১১-১৮ |
| ৭। | ২,৬৪,৪০০+২,১০,৬০০=৪,৭৫,০০০ | ২১+২০=৪১ | ২৯৮ ও ২৯৯<br>২৯-১১-১৮ |
| ৮। | ২,২৮,৫৫০+১,৮৩,৬০০=৪,১২,১৫০ | ২৪+২১=৪৫ | ৩৭৮ ও ৩৭৯<br>০১-০১-১৯ |
| ৯। | ২,৫৮,৫০০+২,২০.৯৫০=৪,৭৯,৪৫০ | ২৪+২১=৪৫ | ৪২০ ও ৪২১<br>০৩-০২-১৯ |
| ১০। | ২,৩৬,৪০০+১,৮৮,৫৫০=৪,২৪,৯৫০ | ২৪+২১=৪৫ | ৪৯৮ ও ৪৯৯<br>১৩-০৩-১৯ |
| ১১। | ২,৫০,৩০০+২,১৭,৩৫০=৪,৬৭,৬৫০ | ২৪+২১=৪৫ | ৫৬২ ও ৫৬৩<br>০১-০৪-১৯ |
| ১২। | ২,৮৪,৭৫০+২,৩৮,৫০০=৫,২৩,২৫০ | ২৪+২১=৪৫ | ৬৬২ ও ৬৬৩<br>৩০-০৪-১৯ |
| ১৩। | ২,৪৯,৯০০+২,৬৪,৬০০=৫,১৪,৫০০ | ২৪+২১=৪৫ | ৮০ ও ৮১<br>৩০-০৫-১৯ |
| ১৪। | ১,৬১,৬০০+১,৩১,৮০০=২,৯৩,৪০০ | ২৪+২১=৪৫ | ১৭৯ ও ১৮০<br>২৭-০৬-১৯ |
| মোট= | = ৫৮,৪০,৭০০ | | |

কথায় : আটান্ন লক্ষ চল্লিশ হাজার সাতশত টাকা

পরিচালক, কাচ ও সিরামিক গবেষণা ও পরীক্ষণ ইনস্টিটিউট।
দৈনিকভিত্তিক শ্রমিক নিয়োগ করে অনিয়মিতভাবে অর্থ ব্যয়ের বিবরণী :

| ক্রমিক নং | শ্রমিকের নাম | পদবি | প্রতিদিনের মজুরির হার | প্রতি মাসে দিনের সংখ্যা | মাসের সংখ্যা | মোট টাকা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | জনাব মোঃ জাকির হোসেন | অফিস সহায়ক | ৪৭৫ | ২০ | ১২ | ১,১৪,০০০ |
| ২। | জনাব মোঃ মনিরুল ইসলাম | কম্পিউটার অপারেটর | ৪৭৫ | ২০ | ১২ | ১,১৪,০০০ |
| ৩। | জনাব অরুণ চন্দ্র দাস | ল্যাব এটেনডেন্ট | ৪৭৫ | ২০ | ১২ | ১,১৪,০০০ |
| ৪। | জনাব মোঃ সাখাওয়াত হোসেন | ল্যাব এটেনডেন্ট | ৪৭৫ | ২০ | ১২ | ১,১৪,০০০ |
| ৫। | জনাব আফরোজা আক্তার এ্যানি | ল্যাব এটেনডেন্ট | ৪৭৫ | ২০ | ১২ | ১,১৪,০০০ |
| | | | | | সর্বমোট= | ৫,৭০,০০০ |

কথায় : পাঁচ লক্ষ সত্তর হাজার টাকা

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন রেগুলেশন্স অনুসরণ না করে সায়েন্টিফিক অফিসার (এসও) এবং সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (এসএই) পদে নিয়োগ প্রদান।

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবি | গ্রেডেশন লিস্টে ক্রমিক নং | যোগদানের সময় পদবি | পরমানু শক্তি কমিশন এর আদেশ অনুযায়ী এসও পদে শিক্ষাগত যোগ্যতা | কর্মকর্তার শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | ডঃ মোঃ আমিন উদ্দিন | (সিএসও) ৬৬ | এসও | এমএসসি এর সাথে তিনটি ১ম শ্রেণি | এমএসসি-২য়<br>বিএসসি (অনার্স)-২য়<br>এইচএসসি-১ম<br>এসএসসি-১ম |
| ২। | ডঃ মোঃ শাকিলুর রহমান | (সিএসও) ৭৬ | এসও | এমএসসি এর সাথে তিনটি ১ম শ্রেণি | এমএসসি-২য়<br>বিএসসি (অনার্স)-২য়<br>এইচএসসি-১ম<br>এসএসসি-১ম |
| ৩। | জনাব ডঃ মোঃ হুমায়ুন কবির | (এসএসও) ৬৩ | এসও | এমএসসি এর সাথে তিনটি ১ম শ্রেণি | এমএস-২য়<br>বিএসসি (অনার্স)-২য়<br>এইচএসসি-১ম<br>এসএসসি-১ম |
| ৪। | জনাব ডঃ সিরাজাম মুনীর | (এসএসও) ১৩৩ | এসও | এমএসসি এর সাথে তিনটি ১ম শ্রেণি | এমএসসি-১ম<br>বিএসসি (অনার্স)-২য়<br>এইচএসসি-২য়<br>এসএসসি-১ম |
| ৫। | জনাব আব্দুল কাদের | (এসএসও) ০১ | এসএই | ডিপ্লোমা ১ম শ্রেণী এবং এসএসসি ও এইচএসসি তে ভাল রেজাল্ট। | ডিপ্লোমা-২য়<br>এসএসসি-২য় |
| ৬। | জনাব এ কে এম মনিরুল হক | (এসএসও) ০৭ | এসএই | ডিপ্লোমা ১ম শ্রেণী এবং এসএসসি ও এইচএসসি তে ভাল রেজাল্ট। | ডিপ্লোমা-২য়<br>এসএসসি-২য় |

তারিখ: ০৫-০১-১৪২৯ বঙ্গাব্দ / ১৮-০৪-২০২২ খ্রিষ্টাব্দ।

মহাপরিচালক
ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর
হিসাব ভবন, ৩য় তলা, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
ফোন : ৪৮৩১৬০৯৯।

মোহাম্মদ মাহমুদ হোসেন
মহাপরিচালক
ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বাঃসঃমুঃ-২০২১-২২/২৯৫৬এ(৮)—৭০০ বই, ২০২১।